

সবাই যাতে পরিচর্যায় অংশগ্রহন করতে পারে তার জন্য যিথোর ন্যায় ঈশ্বরের লোকদের সংঘবদ্ধ কর

অপর পালকীয় প্রাচীনদের সাথে দায়িত্ব সমূহের সহভাগিতা করুন।

যারা শিশুদের শিক্ষা দেয় তাদের উচিত L1b অধ্যায় পাঠ করা।

প্রার্থনা : “প্রিয় প্রভু, আমাদেরকে, মোশিকে যেমন যিথো উপদেশ দিয়েছিল, সেইরূপ ভাবে লোকদেরকে সংঘবদ্ধ করতে আমাদের সাহায্য কর।”

এমন কার্যকলাপ বেছে নিন যা বর্তমান প্রয়োজন ও স্থানীয় সংস্কৃতির সাথে মানানসই হবে।

১. আপনার হৃদয় ও মনকে ঈশ্বরের বাক্যসহ প্রস্তুত করুন।

ইস্রায়েলীয়দেরকে দলে ভাগ করার প্রথাকে প্রবর্তন করার জন্যে মোশির পরামর্শদাতা যিথোকে কেমন ভাবে ব্যবহার করেছিলেন তা যাত্রাপুস্তক ১৮ অধ্যায় থেকে অনুসন্ধান করুন।

- মোশির সাথে যিথোর কিভাবে সাক্ষাত হয়েছিল, সে সম্পর্কে যাত্রাপুস্তক ১-৩ অধ্যায় থেকে যদি কখন পাঠ না করে থাকেন, তবে তা করুন।
- প্রতিটা ইস্রায়েলীয় পরিবারে একজন আধ্যাত্মিক পালকের কাছ থেকে পরিচর্যা পাওয়ার বিষয়কে কেমন ভাবে মোশি সুনিশ্চিত করেছিলেন?
- একটি ক্ষুদ্র পালকীয় দলে কয়জন সদস্য থাকার বিষয় যিথো অনুমোদন দান করেছিলেন?
- ঈশ্বর এই সমস্ত নতুন প্রাচীনদের প্রাথমিক বিধি দান করেছিলেন যা দ্বারা তাদেরকে তাঁর লোকদের বিচার করতে হত। যাত্রাপুস্তক ১৯ ও ২৩ অধ্যায়।
- এই সমস্ত বিধিগুলি ছিল ঈশ্বর ও ইস্রায়েলীয়দের মধ্যে চুক্তি যা দশ আজ্ঞার ভিত্তি করে তৈরী হয়েছিল।
- এই সমস্ত বিধিগুলি ছিল ইস্রায়েলের জন্য ঈশ্বরের প্রাচীন বিধির মূল, যিহুদীরা এটাকে “তোরাহ” বলত।
- পালকীয় কাজ ১০ জনকে নিয়ে তৈরী ছোট দলের মধ্যে সম্পন্ন হত।
- যাতে তারা সঠিক যত্ন পায় সেজন্য একজন পালক সর্বোচ্চ ১০টি পরিবার এর কথা শ্রবণ করত।
- বৃহৎ দলের নেতারা বিচার ও সরকারী প্রশাসনিক কাজের সমন্বয় সাধন করত।

ভারসাম্য যুক্ত নেতৃত্ব চারটি দায়িত্ব সংযুক্ত করে, যা বাইবেলের চারটি নেতা আদর্শ রূপে গ্রহন করেছিলেন :

১) মোশি যাকে ভবিষ্যৎ দ্রষ্টা বলা হত তিনি ভবিষ্যৎকে অনুমান করেছিলেন এবং ঈশ্বর আগামী দিনে কি করতে চলেছেন সে বিষয়ে তাঁর দর্শনের দ্বারা অনুগামীদের উদ্বুদ্ধ করেছিলেন।

২) লডাকু যিহোশূয়, মোশির দর্শনকে ব্যবহারিক অর্থে বহন করে নিয়ে গিয়েছিলেন। কখন কখন তিনি এর জন্য সামরিক শক্তির ব্যবহার করেছিলেন।


৩) তত্ত্বাবধায়ক, হারোন ছিলেন মহাযাজক এবং অন্য যাজকরা যাতে তাদের প্রাত্যহিক যাজকত্বের দায়িত্বগুলি পালন করে তিনি সেই বিষয়টি সুনিশ্চিত করেছিলেন।

৪) উৎসাহপ্রদানকারী বার্গবা ছিলেন একজন দয়ালু ব্যক্তি। তিনি লোকদেরকে সংঘবদ্ধ ভাবে কাজ করার ব্যাপারে সাহায্য করেছিলেন।

দর্শন



সুদৃঢ়তা



পুঞ্জানুপুঞ্জিতা



দয়ার্জতা



১) নতুন জায়গায় দল তৈরী করার ব্যাপারে ঈশ্বর কিছু নেতাদের ক্ষমতা দান করেন পালকদের উক্ত ক্ষেত্রের জন্য পরিকল্পনা নিতে ও বহুগুনে বৃদ্ধি পাবার বিষয়ে নেতারা সাহায্য করেন।

২) এমনকি যখন লোকেরা বিরোধিতা করে তখন তার মধ্যে দিয়েও তাঁর পরিচর্যার কাজ চালিয়ে যাবার জন্য ঈশ্বর কিছু সংগঠককে সক্ষমতা যুগিয়ে থাকেন।

৩) ঈশ্বর কিছু সংগঠককে কোনও পরিচর্যা কাজের যাবতীয় বিষয়গুলি সুদক্ষ ভাবে তত্ত্বাবধান করার দক্ষতা দান করে থাকেন। এর জন্য ঈশ্বর অন্যান্য কর্মকাজের জন্য যাবতীয় কাজকে সহজ করে দেন।

৪) তাঁর কাজকে সামাজিকভাবে উপভোগ্য করে তোলার ব্যাপারে ঈশ্বর কিছু সংগঠককে সাহায্য করে থাকেন। তারা সুনিশ্চয়তা এবং সান্ত্বনা প্রদান করে থাকে এবং লোকদের প্রয়োজনের সাথে ওঠানামা করার কাজকে তারা উপভোগ করে।

একজন দক্ষ সংগঠক প্রায়শই এই চারটি শক্তিকে নেতাদের একটি দলের মধ্যে সংযুক্তিকরণ ঘটান এবং এর দ্বারা তিনি এই শক্তিগুলির মধ্যে ভারসাম্য আনায়ণ করেন।

- সংঘবদ্ধ করার এই শক্তিগুলির মধ্যে কোনগুলি আপনি খুব ভালো পারেন? কোনগুলির জন্য আপনার সাহায্যের প্রয়োজন আছে?
- তাঁর মধ্যে যে সমস্ত আত্মিক দানগুলির অভাব আছে সেগুলি যাদের মধ্যে বর্তমান আছে, সেই সমস্ত সাহায্যকারীদের পাশে থাকার মাধ্যমে কেজন দক্ষ সংগঠক কাজ করে থাকেন।
- খুব কম সংগঠকদের মধ্যে এই চারটি বিষয়গুলির সমাবেশ ঘটে থাকে। উদাহরণরূপে যীশু, দায়ুদ ও পৌল যেমন করেছিলেন।

দক্ষ সংগঠকরা নেতৃত্বের দায়িত্বাবলীর বন্টন করে থাকেন। যেমন, যীশু, দায়ুদ ও পৌল কখনো একা কাজ করেননি।

উদ্দোগীরা নতুন উপাসক মন্ডলী অথবা নতুন কাজ শুরু করেন অথবা তারা নতুন এলাকাগুলিতে ঈশ্বরের কার্য আরম্ভ করেন।

- একজন দর্শনধারী নেতা তাঁর হৃদয়মধ্যে, ঈশ্বর যা করতে চান তা দেখতে পান এবং সেই দর্শনকে তিনি অন্যান্যদের সাথে ভাগ করে নেন।
- তাঁরা নীরবে অন্যান্য নেতাদের প্রশিক্ষিত করার কাজ করে থাকেন, যেমন মোশি, হারোনকে জনসমক্ষে কথা বলার জন্য নিযুক্ত করেছিলেন।
- পিতর সহ অন্যান্যরা যারা প্রেরিত পুস্তকে উল্লেখিত নতুন উপাসক মন্ডলীগুলির ব্যবস্থাপনা করেছিলেন তারা ছিলেন উদ্দোগী।
- ঈশ্বর তাদের মেসপালকে কি করতে চান, সে বিষয়ে মোশির মত দর্শনযুক্ত নেতারা পরিষ্কার রূপে অবহিত থাকেন। যদি কোনও নেতার এরূপ দূরদৃষ্টি না থাকে তবে মেসরা কখনোই পরিচালিত হতে পারে না। কারণ তারা বুঝতে পারে না তাদের কোথায় যেতে হবে। কেবল মাত্র গতানুগতিক শিক্ষা প্রদানই ব্যবস্থাপনা বা নেতৃত্ব প্রদান নয়, এবং সাধারণভাবে অনুশাসন বিধিসমূহ চাপিয়ে দেওয়া কোথাও পরিচালিত করে না।

উদ্দোগীদের আরম্ভ করা সংস্থাগুলিতে পরিচালকরা কাজ এগিয়ে নিয়ে যান।

- পৌল যা শুরু করেছিলেন তাতে মেসপালকদের নতুন মেসপালের জন্য প্রশিক্ষণ দিয়ে তৈরী করতে তীত ক্রীতে ছিলেন। (তীত ১ঃ৫)
- ঈশ্বর একটি পালের কাছ থেকে যা দাবী করেন তা করার জন্য দক্ষ ব্যবস্থাপকরা ব্যবস্থা করেন। আমাদেরকে যীশু, প্রার্থনা, দান, পরামর্শ, শিক্ষা দুঃস্থদের সেবা, সহভাগীতা গড়ে তোলা, পরিবারগুলিকে শক্তিশালী গড়ে তোলা, আরাধনা প্রভৃতি বিষয়ে বলতে হবে, নতুন মেসপাল তৈরী করতে হবে, নেতাদের প্রশিক্ষণ দিতে হবে এবং মিশনারীদের প্রেরণ করতে হবে।

আপনি কোনটি, একজন উদ্দোগী অথবা একজন পরিচালক? (খুব কম সংগঠকই উভয় ভূমিকাতেই দীর্ঘদিন সুদক্ষরূপে কাজ করে থাকেন)।

যাদের পালকীয় প্রাচীনরূপে সেবা কাজ করা উচিত, সেইসব বিশ্ববাসীদেরকে পরিদর্শন করুন এবং তাদেরকে শুরু করতে সাহায্য করুন। যদি কোনও নেতা আরও সঠিকভাবে সংঘবদ্ধ করার বিষয়ে শিক্ষা করতে চায় তবে তাদের সাথে এই পাঠক্রমটি পুনরায় পাঠ করুন।

২. আপনার সহকর্মীদের সাথে সাপ্তাহিক কার্যকলাপ এর পরিকল্পনা করুন।

আপনার সহকর্মীদের সাথে দেখা করুন এবং যিথো মোশিকে যে রূপ বলেছিলেন, সেইরূপে সংঘবদ্ধ করার ব্যাপারে তাদেরকে সাহায্য করুন।

- উত্তমরূপে সংঘবদ্ধ করা এবং মন্দভাবে সংঘবদ্ধ করার মধ্যে তুলনা করার জন্য “কেন্দুয়া” খেলাটি খেলবে। (আরাধনার সময় এটি করবেন না)
- দশ বা ততোধিক ব্যক্তিকে ভেড়ার ভূমিকায় অভিনয় করতে দিন। নড়াচড়া না করে তাদেরকে একটি লাইনে দাঁড় করিয়ে দিন।
— তিনজনকে কেন্দুয়া ও একজনকে মেসপালক নাম দিন। তারা নড়তে পারে।

— আপনি যখন বলবেন ‘যাও’, তখন কেন্দ্রুয়ারা মেসকে ধরার চেষ্টা করবে। যদি একটি কেন্দ্রুয়া একটি মেসকে স্পর্শ করে, তাকে পড়ে যেতে হবে।

— যদি মেসপালক একটি কেন্দ্রুয়াকে স্পর্শ করে, তবে তাকে পড়ে যেতে হবে। যখন অনেক মেসেরা ‘মরে’ যাবে, তখন খেলাটা বন্ধ করতে হবে।

- মেস পালককে তার মেসপালকে ছোট ছোট দলে সংঘবদ্ধ করতে দিন। তিনি প্রতিটি দলকে পাহারা দেবার একজন করে পালক নিযুক্ত করবে।
- বল, “যাও” এবং যখন কেন্দ্রুয়ারা মরে যাবে তখন থামবে।
- বিশ্বাসীদেরকে জিজ্ঞাসা করুন “মানুষের আত্মা না একটি ভেড়া কোনটি অধিক মূল্যবান?”
- জিজ্ঞাসা করুন, যিথো কেন মোশীকে ছোট দলগুলির জন্য পালক নাম নির্বাচন করতে পরামর্শ দিয়েছিলেন।
- জিজ্ঞাসা করুন, “কোনটি উত্তম, বিশ্বাসীদের নিয়ে গঠিত অনেক ছোট দলগুলি পরিচালনার জন্য অনেক পালক অথবা একজনমাত্র পালকের দ্বারা বিশ্বাসীদের বৃহৎ দলকে পরিচালনা করা।” ঈশ্বর কেন চান যে, আমরা যেন ছোট ছোট দল গঠন করি সেই বিষয়ে আলোচনা করুন।

৩. আশু আরাধনার সময় সম্পর্কে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।

যিথো কিভাবে মোশীকে তার লোকদেরকে সংঘবদ্ধ করতে বলেছিলেন তা নাটক আকারে দেখান অথবা বলুন। ভাগ ১ থেকে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। ভাগ ১ থেকে নেতাদের সম্পর্কিত চারটি কর্তব্যের বিষয়গুলি ব্যাখ্যা করুন। (দর্শন, সুদৃঢ়তা, পুঞ্জানুপুঞ্জতা এবং দয়া।) বিশ্বাসীরা অপর ছোট দল যা তাদের প্রয়োজন সমূহকে দেখাশোনা করতে যথেষ্ট, তাদের কাছ থেকে যে সাহায্য পেয়েছে, তার প্রতিবেদন পেশ করবে।

ছোটরা নাটক এবং অন্যান্য যে সমস্ত কিছু প্রস্তুত করেছে, তাদেরকে তা উপস্থাপন করতে দিন, ব্যাখ্যা করুন যে ঈশ্বরের কাজে Manager এবং গোড়াপত্তনকারী উভয়কেই প্রয়োজন। ১ পিতর ৫ঃ২-৩ অংশ থেকে পালকদের জন্য ঈশ্বরীয় বিধিগুলি একত্রে মুখস্থ করুন। দুই অথবা তিনজনকে নিয়ে দল তৈরী করুন এবং একত্রে প্রার্থনা ও পরিকল্পনা করুন এবং একে অন্যকে উৎসাহ প্রদান করুন।

প্রভুর ভোজের পূর্বে বলুন কিভাবে যীশু ৫০০০ জনকে খাইয়েছিলেন (লুক ৯ঃ১২-১৭)। সবাই যে খাবার পেয়েছে তা নিশ্চিত করতে, তারা ৫০ জনের এক একটি দলে বসেছিল। আমরাও ছোট ছোট দলে প্রভুর ভোজ খাওয়ার জন্য বসতে পারি, যাতে সমস্ত বিশ্বাসীরা খ্রীষ্টের “দেহ ও রক্তে” যোগদান করতে পারে। (১ করিন্থীয় ১০ঃ১৬-১৭)।